দৈনিক সংবাদ

তারিখ ... 19 OCT 1992 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৫ ...

48

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বি, কম পরীক্ষার ফল

## ১০টি কলেজে কেউ পাস করেনি

চট্টগ্রাম, ১৮ই অক্টোবর (বাসস)।– চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ১৯৯১ সালের বি, কম পাস পরীক্ষার ফল ঘোষণা করেছে। পাসের হার ৩৬ দশমিক ১ শতাংশ। তবে ১০টি কলেজে কেউ পাস করেনি। মোট ৪ হাজার ৮শ' ৫৪ জন নিয়মিত

বি, কম ঃ পৃঃ ৮ কঃ ৭

## বি, কম ঃ পরীক্ষার ফল

( ১ম পৃষ্ঠার পর )

পরীক্ষার্থীর মধ্যে ১ হাজার ৭শ' ৫৫ জন পাস করেছেন। এর মধ্যে ১শ' ৯৪ জন দ্বিতীয় বিভাগে এবং বাকি ১ হাজার ৫শ' ৬১ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে। ১৯৯০ সালের বি, কম কমপ্লিমেন্টারী পরীক্ষার ফলও ঘোষণা করা হয়েছে। মোট ১শ' ৮৫ জনের মধ্যে ১শ' ৫২ জন পরীক্ষার্থী পাস করেছেন।

সরকারী মুজিব কলেজের পাসের হার সবচেয়ে বেশি–৮২ দশমিক ২ শতাংশ।

যেসব কলেজ থেকে কেউ পাস করেনি সেগুলো হলো ঃ চট্টগ্রামের বার আউলিয়া ডিগ্রী কলেজ, বাঁশখালী ডিগ্রী কলেজ, নোয়াখালীর রায়পুর সরকারী কলেজ, ফেনীর পরশুরাম সরকারী কলেজ ও ফুলগাজী সরকারী কলেজ, কুমিল্লার হাজীগঞ্জ সরকারী কলেজ, আদর্শ মহাবিদ্যালয়, চৌদ্দগ্রাম সরকারী কলেজ, মেহের ডিগ্রী কলেজ এবং সিলেটের শায়েস্তাগঞ্জ ডিগ্রী কলেজ।